

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, ময়মনসিংহ।

(www.hsttimymensingh.gov.bd)

E-Mail: mym.hstti@gmail.com/hstti_mymensingh@yahoo.com)

স্মারক নং- উমাশিপ্রই, ময়মন/প্রশিঃ/২০১৭/২৫৮০


তারিখ : ২০/০৩/১৭

বিষয়ঃ উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ কোর্স -৫২ এর জন্য মনোনয়ন প্রসঙ্গে।

উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (এইচ.এস.টি.টি.আই), ময়মনসিংহ পরিচালিত আগামী ০৮/০৪/১৭ খ্রীঃ তারিখ হতে ০৪/০৫/১৭ খ্রীঃ তারিখ পর্যন্ত উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকদের কম্পিউটার প্রশিক্ষণ কোর্স-৫২ পরিচালিত হবে। উক্ত কোর্সে আপনার প্রতিষ্ঠানের আইসিটির একজন প্রভাষক/সহকারী অধ্যাপককে মনোনীত করে পাঠানোর জন্য অনুরোধ করা হলো। আইসিটির প্রভাষক/সহকারী অধ্যাপক প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে সেক্ষেত্রে কম্পিউটার বিষয়ে অভিজ্ঞ একজন প্রভাষক/সহকারী অধ্যাপককে মনোনয়ন করা যাবে(বিজ্ঞান বিষয়ক প্রভাষক/সহকারী অধ্যাপক অগ্রাধিকার দিতে হবে)। মনোনীত প্রার্থীকে আগামী ০৭/০৪/১৭ খ্রীঃ তারিখ বিকাল ৫:৩০ ঘটিকার মধ্যে অত্র ইনস্টিটিউটে উপস্থিত হয়ে হোস্টেল সুপার-এর নিকট রিপোর্ট করতে হবে।

প্রশিক্ষণ সংক্রান্ত নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো :


- ১। মনোনীত প্রার্থীকে অধ্যক্ষ এর নিকট থেকে যথাযথ অনুমতিপত্র গ্রহণ করে কোর্স-কো অর্ডিনেটরের নিকট জমা প্রদান করতে হবে।
- ২। হোস্টেলে থাকা-খাওয়া ও হোস্টেল সংক্রান্ত নিয়মাবলী মেনে চলা বাধ্যতামূলক। প্রশিক্ষণার্থীর সাথে পোষা/ অন্য কাউকে হোস্টেলে থাকার অনুমতি দেয়া হবে না। বিছানাপত্র আনতে হবে না।
- ৩। সরকারের জারীকৃত সর্বশেষ বিধি-বিধান মোতাবেক দৈনিক ভাতা ও ভ্রমণ ভাতাসহ অন্যান্য ভাতা জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক বিল পাস সাপেক্ষে প্রদান করা হবে।
- ৪। বিল প্রাপ্তির পূর্ব পর্যন্ত হোস্টেল ব্যয় নির্বাহের জন্য প্রত্যেককে কমপক্ষে ২০০০.০০ (দুই হাজার) টাকা সঙ্গে আনতে হবে।
- ৫। অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত সদ্য তোলা স্ট্যাম্প সাইজ ছবি (তিন কপি) এবং সনদপত্র (এস.এস.সি/সমমান হতে মাস্টার্স/সমমান) প্রতিটির এক কপি করে কোর্স কো-অর্ডিনেটর এর নিকট নিবন্ধনকালে দাখিল করতে হবে।
- ৬। সরকারি ছুটি ব্যতীত অন্য কোন ছুটি প্রশিক্ষণ চলাকালীন অনুমোদনযোগ্য হবে না। প্রয়োজনে সাপ্তাহিক ও অন্যান্য ছুটির দিনেও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলী পরিচালিত হতে পারে।
- ৭। প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয় জানার প্রয়োজন হলে চীফ কোর্স কো-অর্ডিনেটর এর মোবাইল ০১৭১২১৮৭৭০৪ এবং কোর্স কো-অর্ডিনেটর এর মোবাইল ০১৭১৫০২৬২৮১ নম্বর এ যোগাযোগ করা যেতে পারে।
- ৮। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণ সংক্রান্ত সকল নিয়মাবলী মেনে চলা বাধ্যতামূলক।


(প্রফেসর আজিজ আহমেদ সাদেক রেজা)

পরিচালক

উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৭১২২ (অফিস)


২০/৩/১৭

প্রাপকঃ অধ্যক্ষ.....

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. পরিচালক (প্রশিক্ষণ), মাউশিঅ, বাংলাদেশ, ঢাকা।
৩. সংরক্ষণ নথি।